



যুদ্ধবিরতির মাঝেও সামরিক সক্ষমতা জোরদার করছে ইরান



সংগৃহীত ছবি

যুক্তরাষ্ট্রের সঙ্গে চলমান যুদ্ধবিরতির সময়েও ইরান তাদের সামরিক শক্তি খামায়নি, বরং ক্ষেপণাস্ত্র ও ড্রোন ব্যবস্থাকে আরও দ্রুতগতিতে আধুনিকায়ন ও পুনর্গঠনের কাজ চালিয়ে যাচ্ছে।

ইরানের ইসলামি বিপ্লবী গার্ড বাহিনীর (আইআরজিসি) অ্যারোস্পেস ফোর্সের কমান্ডার মাজিদ মুসাভি নূর নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে জানান, এই বিরতির সময়ে তারা তাদের অস্ত্রব্যবস্থা আরও উন্নত করার সুযোগ কাজে লাগাচ্ছে। সাক্ষাৎকার প্রচারের সময় তার একটি সম্পাদিত ভিডিওও প্রকাশ করা হয়, যেখানে তাকে একটি গোপন ভূগর্ভস্থ ক্ষেপণাস্ত্র ঘাঁটি পরিদর্শন করতে দেখা যায়।

মুসাভির দাবি, প্রতিপক্ষ যেখানে এই সময়ে তাদের গোলাবারুদের মজুত পুনর্গঠনে খুব বেশি অগ্রগতি দেখাতে পারেনি, সেখানে ইরান নিজেদের ক্ষেপণাস্ত্র ও ড্রোন লঞ্চার প্রস্তুতকারকদের আধুনিকায়নে আগের যেকোনো সময়ের তুলনায় বেশি গতি এনেছে।

অন্যদিকে, ইরানের সশস্ত্র বাহিনীর প্রধান আমির হাতামি দেশটির স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় সর্বোচ্চ ত্যাগের প্রস্তুতির কথা পুনর্ব্যক্ত করেছেন। রোববার (১৯ এপ্রিল) তিনি জানান, স্থল, নৌ ও আকাশপথে যেকোনো হুমকি মোকাবিলায় সেনাবাহিনী শেষ পর্যন্ত প্রতিরোধ চালিয়ে যাবে এবং শত্রুর যেকোনো আগ্রাসনের জবাব কঠোরভাবে দেওয়া হবে।